

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd


স্মারক নং-৩৭.০৪.০০০০.৩০০.২৫.০২৪.২২(পার্ট-১)/ ২০২২

তারিখ: ২০.০৭.২৪৩২৩,
০৫.০৮.২০২৫ খ্রি.

বিষয়: গ্রন্থাগার পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী মনোনয়ন

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেষ্ঠে জানানো যাচ্ছে যে, আগামী ১০ থেকে ২৩ অক্টোবর ১৪৩২/২৫ নভেম্বর ২০২৫ থেকে ০৮ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ পর্যন্ত বিভিন্ন সরকারি এবং এমপিওভুক্ত বেসরকারি কলেজে কর্মরত গ্রন্থাগার প্রভাষক/সহকারী শিক্ষকগণের (গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান) জন্য আয়োজিত "৪১তম গ্রন্থাগার পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স" অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর আওতাধীন জেলাসমূহের উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান থেকে গ্রন্থাগার প্রভাষক/সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান) ----- জন প্রশিক্ষণার্থী মনোনয়ন দেয়ার জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষণার্থীর নাম, পদবি, প্রতিষ্ঠানের নাম এবং তাদের মোবাইল নম্বরসহ তালিকা আগামী ১৮ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ এর মধ্যে ই-মেইল rafiquel.naem@gmail.com এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো। মনোনয়নের জন্য নিম্নবর্ণিত শর্তসমূহ অবশ্যই পালনীয়;

১. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নং: মাউশি প্র/বা-ইউ/৫২৮০, তারিখ: ১০/০১/১৯৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫, তারিখ: ০৭/০৩/২০১৬ খ্রি: অনুসারে মনোনীত কর্মকর্তাদের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরু হওয়ার দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত (Stand Release) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
২. সরকারি কলেজের যাদের বয়স ৫৬ বছর অতিক্রম করেছে এবং বেসরকারি কলেজের যাদের বয়স ৫৭ বছর অতিক্রম করেছে, তাদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।
৩. প্রশিক্ষণার্থীকে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক মাসিক মূলবেতন উল্লেখপূর্বক ছাড়পত্র, জাতীয় পরিচয় পত্রের অনুলিপি, সাম্প্রতিক তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং এমপিও এর কপি সঙ্গে আনতে হবে।
৪. প্রশিক্ষণকালে নায়েম হোস্টেলে সীট শূন্য থাকা সাপেক্ষে থাকতে পারবেন।
৫. প্রশিক্ষণকালীন থাকা-খাওয়া ও শিক্ষা সফর খরচ বাবদ জনপ্রতি কমপক্ষে ১৫,০০০/= (পনেরো হাজার) টাকা সঙ্গে আনতে হবে।
৬. অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ সরকারি বিধি মোতাবেক দৈনিক ভাতা ও ভ্রমণ ভাতা পাবেন। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। এই বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীদের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে।
৭. প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের সময়ের বিষয়টি কোর্স সময়ক জনাব মো: রফিকুল ইসলাম আকন্দ, ফোন: ০১৫৫৬৩৫১২০৫ ই-মেইল rafiquel.naem@gmail.com অথবা কোর্স সমন্বয়ক জনাব মোস্তাফিজুর রহমান, প্রশিক্ষণ বিশেষজ্ঞ ফোন: ০১৯১৩৭৭৮২৬০, ২০ নভেম্বর, ২০২৫ এর মধ্যে নিশ্চিত করতে হবে।
৮. যিনি বিগত তিন বছরের মধ্যে এ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করেছেন তার এ প্রশিক্ষণে আসার প্রয়োজন নাই।
৯. মনোনীত প্রশিক্ষণার্থীগণকে ২৫ নভেম্বর ২০২৫ তারিখ রোজ মঙ্গলবার সকল ৯:০০ টায় নায়েম এর প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ান-স্টপ-সার্ভিস পয়েন্ট-এ রেজিস্ট্রেশন করতে হবে
১০. মনোনীত প্রশিক্ষণার্থীগণ কে কোর্স শুরুর অন্তত ০২(দুই) দিন পূর্বে নায়েম ওয়েব সাইট www.naem.gov.bd-এর প্রশিক্ষণ মেনুর অনলাইন রেজিস্ট্রেশন করে কোর্সে যোগদান করতে হবে।


(প্রফেসর ড. জুলফিকার হায়দার)
মহাপরিচালক
ফোন: ০২-৫৫১৬৭৫২৮
e-mail: info@naem.gov.bd

প্রাপক: আঞ্চলিক পরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা


ঢাকা/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/ময়মনসিংহ/চট্টগ্রাম/বরিশাল/ কুমিল্লা

স্মারক নং-৩৭.০৪.০০০০.২০০.৩১.০২৪.২২(পার্ট-১)/ ২০২২ (৩০)

তারিখ: ২০.০৭.২৪৩২৩,
০৫.০৮.২০২৫ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা;
৩. পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ শিক্ষা ভবন, ঢাকা;
৪. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন / প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
৫. উপপরিচালক (প্রশাসন ও অর্থ), নায়েম, ঢাকা;
৬. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
৭. হোস্টেল সুপারিন্টেন্ডেন্ট, শহীদ মুক্তিযোদ্ধা/অমর একুশে/সোনার বাংলা/শহীদ জননী, নায়েম, ঢাকা;
৮. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (আমন্ত্রণপত্র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. ডকুমেন্টেশন অফিসার, নায়েম, ঢাকা
১০. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, নায়েম, ঢাকা
১০. অফিস নথি


(মো: শহীদুল ইসলাম)

উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), নায়েম

ও
কোর্স পরিচালক

৪১তম গ্রন্থাগার পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স
মোবাইল: ০১৫৫২৩৫৬২৯৬